



স্মারক নং-৩৭.২০.০০০০.০০১.১১.০২৪.১৮.(পার্ট-৩), ১৮৫২

তারিখঃ ১১ পৌষ ১৪২৬
২৬ ডিসেম্বর ২০১৯


নিয়োগ পত্র

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)-এর বিভাগীয় পদোন্নতি/নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে ব্যানবেইস এর রাজস্বখাতভুক্ত “অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক” পদে প্রতিবন্ধী কোটায় নির্বাচিত প্রার্থীর প্রতিবন্ধী সনদপত্র যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক যাচাইয়ে প্রেরিত প্রত্যয়নের ভিত্তিতে নিম্নে উল্লিখিত প্রার্থীকে জাতীয় বেতনস্কেল ২০১৫ এর টা: ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) বেতন স্কেলে এবং নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক	রোল নং	নাম	পিতার নাম ও মাতার নাম	স্থায়ী ঠিকানা
(১)	CT02498	মোঃ রাফিকুল ইসলাম	পিতা- মোঃ আঃ খালেক মাতা- রাহিমা খাতুন	গ্রাম-মহজমপুর, ডাকঘর-রাধবপুর মাদ্রাসা, উপজেলা-ময়মনসিংহ সদর, জেলা-ময়মনসিংহ

নিয়োগের শর্তাবলীঃ

- (১) মহাপরিচালক, ব্যানবেইস বরাবরে লিখিত যোগদানপত্রসহ ব্যানবেইস-এ ০২.০১.২০২০ তারিখের মধ্যে যোগদান করতে হবে এবং যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে।
- (২) যোগদানের সময় সকল সনদপত্র এবং এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক যোগদানপত্র দাখিল করতে হবে।
- (৩) মেধাক্রম অনুযায়ী চাকুরিতে তঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।
- (৪) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী এবং সরকারি বিধিবিধান অনুসরণপূর্বক চাকুরি স্থায়ী করা হবে।
- (৫) চাকুরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ দাখিল করতে হবে।
- (৬) চাকুরিতে যোগদানের পর পুলিশি তদন্ত কাজ সম্পন্ন করা হবে। যোগদানের সময় পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করে দাখিল করতে হবে।
- (৭) প্রার্থীর কোন তথ্য ও সনদপত্র ভুল/মিথ্যা/জালিয়াতি প্রমাণিত হলে এবং পুলিশি তদন্তে সন্তোষজনক প্রতিবেদন পাওয়া না গেলে এ নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- (৮) যোগদানের তারিখ হইতে ২ (দুই) বছর পর্যন্ত শিক্ষানবিশকাল হিসাবে গণ্য হবে। সন্তোষজনক শিক্ষানবিশকাল শেষে বিধিমোতাবেক চাকুরিতে স্থায়ী করা হবে।
- (৯) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ হয়নি এরূপ বিষয় প্রচলিত আইন, বিধি এবং সরকার কর্তৃক প্রদত্ত আদেশ/নির্দেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- (১০) নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- (১১) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না।
- (১২) এ নিয়োগ যে কোন সময় কোন কারণ দর্শানো ব্যতীত বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



(মোঃ ফসিউল্লাহ)
মহাপরিচালক

স্মারক নং-৩৭.২০.০০০০.০০১.১১.০২৪.১৮.(পার্ট-৩), ১৮৫২/১(৩০)

তারিখঃ ১১ পৌষ ১৪২৬
২৬ ডিসেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- (১) সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) পরিচালক, ব্যানবেইস, ঢাকা।
- (৩) জেলা প্রশাসক, জেলা।
- (৪) সিভিল সার্জন, জেলা।
- (৫) পুলিশ সুপার, জেলা।
- (৬) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- (৭) প্রোগ্রামার, ব্যানবেইস, ঢাকা (নিয়োগপত্রটি জরুরি ভিত্তিতে ব্যানবেইস এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (৮) জনাব-.....
- (৯) হিসাব শাখা, ব্যানবেইস, ঢাকা।
- (১০) সংশ্লিষ্ট নথি।


(মোঃ ওসমান ডুইয়া)
পরিচালক